দামুড়হুদায় জাতীয় সমবায় দিবস উদযাপন উপলক্ষে র্যালি ও আলোচনাসভা

“সাম্য ও সমতায়, দেশ গড়বে সমবায় ” এই স্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গার দামুড়হুদায় ৫৪ তম জাতীয় সমবায় দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকাল ১০ টার সময় উপজেলা প্রশাসন ও সমবায় বিভাগের আয়োজনে উপজেলা পরিষদ চত্বরে সমবায় অফিসের সামনে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলনের মাধ্যমে দিবসটির সূচনা শুরু হয়। পরবর্তীতে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা সমবায় অফিসার হারুন-অর-রশীদের সভাপতিত্বে এসময় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা তিথি মিত্র, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, সহকারী কমিশনার (ভূমি) কে এইচ তাসফিকুর রহমান,উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা ডাঃ মশিউর রহমান, প্রাণী সম্পদ কর্মকর্তা লীলিমা আক্তার হ্যাপী, উপজেলা শিক্ষা কর্মকর্তা আবু হাসান, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি শামসুজোহা পলাশ, উপজেলা ইউসিসিএ চেয়ারম্যান মহসীন আলী শাহ পিন্টু, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, হাউলী ইউপির (ভারপ্রাপ্ত) চেয়ারম্যান নিজাম উদ্দিন, উপজেলা শিক্ষক কর্মচারী কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের চেয়ারম্যান প্রভাষক গিয়াস উদ্দিনসহ উপজেলার বিভিন্ন সমবায় সমিতির সভাপতি/সাধারণ সম্পাদক ও উদ্যোক্তাবৃন্দ।

আলোচনা সভায় বক্তারা সমবায় সমিতির তাৎপর্য তুলে ধরে বক্তব্য দেখতে গিয়ে বলেন “দশে মিলে করি কাজ হারি জিতি নাহি লাজ!” শিল্প বিপ্লবের সময় যখন কৃষি ব্যবস্থায় ধ্বস নেমেছিল তখন থেকেই সমবায়ের ধারণা শুরু হয়। সমবায়ের মাধ্যমে বিশ্বব্যাপী যুগে যুগে মানুষ আর্থিক মুক্তি লাভ করে নিজেকে প্রতিষ্টিত করেছে। সমবায়ের মাধ্যমে একত্রিত হয়ে আর্থিক ও সামাজিক মুক্তি লাভের জন্য যেকোনো কাজের উদ্যোগ নিয়ে সংগঠন গঠন করে স্বচ্ছ ভাবে পরিচালনা করলে সফলতা মিলবে।

এবার উপজেলার শ্রেষ্ঠ সমবায় সমিতিদের মাঝে বিভিন্ন ক্যাটাগরিতে

পুরস্কার ও ক্রেস্ট প্রদান করা হয়।বিশেষ ও অন্যান্য শ্রেনী ক্যাটাগরিতে ভরশা বহুমুখী সমবায় সমিতি লিঃ, ব্যবসায় ক্যাটাগরিতে একতা হেয়ার প্রসেসিং ব্যবসায়ি সমবায় সমিতি লিঃ, সঞ্চয় ও ঋণদান/ক্রেডিট সমবায় ক্যাটাগরীত হরিরামপুর সেবা ও ঋণদান সমবায় সমিতি লিঃ, উৎপাদনমূখী সমবায় ক্যাটাগরীতে দলকা মরাগাংনী মৎসজীবী সমবায় সমিতি লিঃ পুরস্কার ও ক্রেস্ট লাভ করে।

ঝিনাইদহে জাতীয় সমবায় দিবস উদযাপন

‘সাম্য ও সমতায় দেশ গড়বে সমবায়’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে ৫৪তম জাতীয় সমবায় দিবস উদযাপন করা হয়েছে। জেলা সমবায় বিভাগের আয়োজনে শনিবার সকালে সদর উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি বিভিন্ন স্থান ঘুরে একই স্থানে এসে শেষ হয়। পরে সদর উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

কেন্দ্রীয় সমবায় ব্যাংকের সভাপতি জাহিদুজ্জামান মনার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক সাইফুর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার মাহফুজুর রহমান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা সমবায় কর্মকর্তা জাফর ইকবাল।

আলোচনা সভায় বক্তারা বলেন, সমবায়ের মাধ্যমে দেশের প্রান্তিক মানুষ অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হবে। সঠিক পরিকল্পনা ও স্বচ্ছ ব্যবস্থাপনায় সমবায় খাত এগিয়ে গেলে দেশের সামগ্রিক উন্নয়ন ত্বরান্বিত হবে বলেও বক্তারা মত দেন।

মুজিবনগরে ৫৪তম জাতীয় সমবায় দিবস উদযাপন

“সাম্য ও সমতায়, দেশ গড়বে সমবায়” এই স্লোগান সামনে রেখে মেহেরপুরের মুজিবনগরে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলন, র্যালি, আলোচনা সভা ও পুরস্কার বিতরণের মধ্য দিয়ে পালিত হয়েছে ৫৪তম জাতীয় সমবায় দিবস।

দিবসটি উদযাপন উপলক্ষে আজ শনিবার সকাল ১০টায় উপজেলা পরিষদ চত্বরে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিবসটির উদযাপনের শুভ সূচনা করা হয়।

পরে, উপজেলা পরিষদ চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ চত্বরে শেষ হয়। পরে পরিষদ মিলনায়তনে সমবায় দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ও বক্তব্য রাখেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান, গুডনেইবারর্স বাংলাদেশ এর মেহেরপুর সিডিপির ম্যানেজার বিপুল রেমা, সুপ্রতিবেশীর মহিলার সমবায় সমিতির সভাপতি রেহেনা খাতুন, গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, মোনাখালী অনির্বাণ সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ এর সভাপতি আমজাদ হোসেন, এবং বিআরডিবি চেয়ারম্যান মুন্সি টিটো।

এছাড়াও অনুষ্ঠানে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক, উপজেলার বিভিন্ন সমবায় সমিতির কর্মকর্তা-কর্মচারী এবং সমবায়ীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটিতে মেহেরপুর জেলার সমবায় সমিতির প্রথম স্থান অধিকার করা মুজিবনগর উপজেলার সুপ্রতিবেশী মহিলা সমবায় সমিতি ও গোপালনগর সমবায় ব্যবসায়ী সমিতি নামে দুটি প্রতিষ্ঠানকে, এছাড়াও সমবায়ে বিশেষ অবদানের জন্য গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের চেয়ারম্যান আব্দুর রাজ্জাককে পুরস্কৃত করা হয়।

মেহেরপুরে যুবদলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

আলোচনা সভা ও কেক কাটার মধ্য দিয়ে বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন মেহেরপুর জেলা যুবদল।

আজ সোমবার বিকেলে এ আলোচনা সভা ও কেক কাটার আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর বিএনপির সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস। সভাপতিত্ব করেন জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ।

অনুষ্ঠানে প্রধান অতিথি জাহাঙ্গীর বিশ্বাস বলেন, দীর্ঘ সংগ্রামের ধারাবাহিকতায় জুলাই-আগস্টে যুবদল অগ্রণী ভূমিকা পালন করেছিল। আগামীতে তারেক রহমানের নির্দেশিত ‘সবার আগে বাংলাদেশ’ এই শ্লোগানকে বাস্তবায়নের লক্ষ্যে যুবদল নিরলসভাবে কাজ করে যাবে। সকল প্রকার লোভ-লালসার উর্ধ্বে উঠে দেশের মানুষের সেবা ও একটি উন্নত রাষ্ট্র গঠনে যুবদল ভূমিকা রাখবে।

তিনি আরও বলেন, জুলাই-আগস্টের চেতনা ধারণ করে তারেক রহমানের ৩১ দফা বাস্তবায়নের মধ্য দিয়ে একটি সুখী, সমৃদ্ধ ও আলোকিত বাংলাদেশ গড়ে তোলা হবে।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা শ্রমিক দলের সভাপতি আহসান হাবীব সোনা, জেলা যুবদলের সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক রোকনুজ্জামান রোকন, যুগ্ম সাধারণ সম্পাদক সাইদুর রহমান সুজন, পৌর যুবদলের আহ্বায়ক সামিউল ইসলাম লিজন, সদস্য সচিব নওফেল আহমেদ রনি এবং মুজিবনগর উপজেলা যুবদলের আহ্বায়ক আবুল হাসান।

মেহেরপুরে যুবদলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মেহেরপুর জেলা যুবদলের উদ্যোগে বর্ণাঢ্য র্যালির আয়োজন করা হয়েছে।

আজ সোমবার (২৭ অক্টোবর) বিকেল ৪টার দিকে জেলা বিএনপি কার্যালয় চত্বর থেকে র্যালিটি শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়।

র্যালিতে নেতৃত্ব দেন মেহেরপুর জেলা যুবদলের সাধারণ সম্পাদক মো. কাউসার আলী।

এ সময় উপস্থিত ছিলেন জেলা যুবদলের সহ-সভাপতি মো. মুশাররফ হোসেন তপু, সদস্য মেহেদি হাসান রোলেক্স, সদর উপজেলা যুবদলের আহ্বায়ক মো. লিয়াকত আলী, মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনোয়ারুল ইসলাম, বারাদি ইউনিয়ন যুবদলের সভাপতি লাল মোহাম্মদ এবং সাধারণ সম্পাদক হুমায়ুন কবিরসহ বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা।

সংক্ষিপ্ত বক্তব্যে বক্তারা বলেন, যুবদল গণতন্ত্র পুনরুদ্ধার ও রাষ্ট্র কাঠামো সংস্কারের আন্দোলনে সবসময় অগ্রভাগে থাকবে।

দিনব্যাপী এ আয়োজনে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের নেতাকর্মীদের উপস্থিতিতে মেহেরপুরে যুবদলের প্রতিষ্ঠাবার্ষিকী পরিণত হয় এক মিলনমেলায়।

মেহেরপুরে জাতীয় নিরাপদ সড়ক দিবস উদযাপন

“মানসম্মত হেলমেট ও নিরাপদ গতি, কমাবে জীবন ও সম্পদের ক্ষতি” প্রতিপাদ্যে মেহেরপুরে জাতীয় নিরাপদ সড়ক দিবস-২০২৫ উদযাপন

উপলক্ষে আলোচনা সভা ও বর্ণাঢ্য র্যালি অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল ১০টার দিকে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা প্রশাসন ও বিআরটিএ’র যৌথ উদ্যোগে আলোচনা সভার আয়োজন করা হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ।

সভায় আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) পার্থ প্রতিম শীল, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হাবিবুর রহমান, আবির আনসারী, শেখ তৌহিদুল কবীর, সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা. ইনজামুল উল হক, পুলিশ পরিদর্শক (ট্রাফিক) মো. আব্দুল হান্নান, সড়ক বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলী মো. মিজানুর রহমান, জেলা ট্রাক শ্রমিক ইউনিয়নের সভাপতি এস. এম. আকিব, আরটিসির সদস্য মো. রফিকুল আলম, জেলা ট্রাক মালিক গ্রুপের সহ-সাধারণ সম্পাদক মোস্তাক আহমেদ প্রমুখ।

আলোচনা সভার আগে জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক তাজওয়ার আকরাম সাখাপি ইবনে সাজ্জাদের নেতৃত্বে র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়।

ঝিনাইদহে জাতীয় কন্যা শিশু দিবস উদযাপন

“আমি কন্যা শিশু,স্বপ্ন গড়ি,সাহসে লড়ি, দেশের কল্যাণে কাজ করি” এই প্রতিপাদ্যে ঝিনাইদহে জাতীয় কন্যা শিশু দিবস উদযাপন করা হয়েছে।

বুধবার (৮ অক্টোবর) সকাল ১০ টায় এ উপলক্ষে ঝিনাইদহ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অতিরিক্ত জেলা

প্রশাসক (সার্বিক) সাইফুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল, বিশেষ অতিথি ছিলেন পরিবার পরিকল্পনা বিভাগের উপপরিচালক মোজাম্মেল করিম, এলজিইডি’র নির্বাহী প্রকৌশলী মনোয়ার উদ্দীন।

বক্তব্য রাখেন ঝিনাইদহ জেলা রিপোর্টার্স ইউনিটির সভাপতি এম এ কবীর, দোকান মালিক সমিতির সভাপতি আনোয়ারুল ইসলাম বাদশা, সাবেক কাউন্সিলর তহুরা খাতুন, নাছরিন ইসলাম এবং মিরাজ হোসেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক ইসরাত জাহান।

প্রধান অতিথি বলেন, কন্যা শিশুরা যেন অবহেলায় না থাকে সে লক্ষ্যেই এই দিবসটি পালিত হচ্ছে। তিনি বলেন বাল্য বিবাহ,আত্মহত্যা প্রতিরোধ, শিশুদের পুষ্টি, টীকা প্রদান,স্বাস্থ্য, শিক্ষা এবং নিরাপত্তা দেয়া আমাদের দায়িত্ব। সে লক্ষ্যে মহিলা বিষয়ক অধিদপ্তর অনেক প্রকল্পের মাধ্যমে নারীদের অধিকার রক্ষায় কাজ করে যাচ্ছে। আলোচনা সভা শেষে বেশ কয়েকটি স্বেচ্ছাসেবী সংগঠনের মধ্যে অনুদানের চেক বিতরণ করা হয়।

পরে দিবসটি উপলক্ষ্যে তারুণ্যের উৎসব উদযাপন কালে ঝিনাইদহ কেন্দ্রীয় শহিদ মিনার চত্বরে পথ নাটক ‘ শিউলি ফুল’ মঞ্চস্থ করা হয়।

দামুড়হুদায় শান্তিপূর্ণভাবে শারদীয় দুর্গাপূজা উদযাপন ও প্রতিমা বিসর্জন সম্পন্ন

দামুড়হুদা উপজেলায় শারদীয় দুর্গাপূজা শেষে শান্তিপূর্ণভাবে সবগুলো প্রতিমা বিসর্জন সম্পূর্ণ হয়েছে।

বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে দুর্গা পূজার শেষের দিন উৎসবমুখর পরিবেশে দেবী দুর্গার প্রতিমা বিসর্জন সম্পন্ন হয়। এ

বছর উপজেলার ৮টি ইউনিয়ন ও দর্শনা পৌরসভা মিলিয়ে মোট ২১টি পূজা মন্ডপে এই ধর্মীয় উৎসব উদযাপিত হয়েছে।

স্থানীয়রা জানান, পূজার শুরু থেকেই প্রতিটি মন্ডপকে সাজানো হয়েছিল বর্ণিল আলোকসজ্জা, প্যান্ডেল ও ভাস্কর্য শিল্পের মাধ্যমে। প্রতিটি মন্ডপে ভক্তরা সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত আসছিলেন এবং আরাধনা, মন্ত্রপাঠ ও ধর্মীয় আনুষ্ঠানিকতায় অংশগ্রহণ করছিলেন। বিশেষ করে দেবী দুর্গার মমতা ও কল্যাণময় শক্তিকে স্মরণ করে নানা সাংস্কৃতিক অনুষ্ঠান ও ধর্মীয় আচরণ সম্পন্ন হয়েছে।

প্রশাসনের নজরদারিতেও এবছর পূজা উদযাপন শান্তিপূর্ণ ও সুসংগঠিত ছিল। জেলা প্রশাসক, পুলিশ সুপারসহ স্থানীয় প্রশাসন, নিরাপত্তা বাহিনী ও স্বেচ্ছাসেবীরা প্রতিটি মন্ডপে পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করেছেন। পাশাপাশি, বিভিন্ন রাজনৈতিক দল ও উৎসবকে শান্তিপূর্ণভাবে উদযাপনে গুরুত্বপূর্ণ ভূমিকা ও সহায়তা করেছে। গতকাল বৃহস্পতিবার সকাল থেকেই প্রতিমা বিসর্জনের প্রস্তুতি শুরু হয়। স্থানীয় নদী ও পুকুরে দেবী দুর্গার প্রতিমা সম্মানজনকভাবে বিসর্জন করা হয়।

ভক্তরা আনন্দ ও উচ্ছ্বাসে ভাসমান প্রতিমার দিকে প্রণাম করেন, যা এই উৎসবকে আরও ধর্মীয় ও আনন্দময় করে তুলেছে। স্থানীয়দের মতে, এবছরও দুর্গাপূজা উদযাপন সকলের জন্য সৌহার্দ্যপূর্ণ, শান্তিপূর্ণ এবং আনন্দঘনভাবে সম্পন্ন হয়েছে। সামাজিক ও ধর্মীয় দায়িত্ববোধ বজায় রেখে ভক্তরা উৎসব উদযাপনে অংশগ্রহণ করেছেন। এ বছর প্রতিটি মন্ডপে প্রশাসনের কড়া নজরদারি থাকায় কোনো বিশৃঙ্খলা বা অনাকাঙ্ক্ষিত ঘটনা হয়নি। উপজেলার বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও ধর্মীয় ব্যক্তিত্বরা উপস্থিত থেকে পূজার সমাপনী অনুষ্ঠানে অংশগ্রহণ করেছেন এবং সবাই মিলিতভাবে শারদীয় দুর্গার পুণ্য ও কল্যাণ কামনা করেছেন। উৎসবের আনন্দে ছোট-বড় সব বয়সের মানুষরা অংশ নিয়েছে, যা স্থানীয় ঐক্য, বিশ্বাস ও ধর্মীয় চেতনার পরিচায়ক হয়ে উঠেছে। দামুড়হুদার প্রতিটি মন্ডপের ভক্তরা এবছরের পূজাকে স্মরণীয় ও সন্তোষজনক বলে উল্লেখ করেছেন।

হাউলী ইউনিয়ন বিএনপি’র সভাপতি ইউসুফ আলি বলেন, সনাতন ধর্মীবলম্বী মানুষগুলি এবার সুষ্ঠু সুন্দরভাবে পূজা উদযাপন করেছে। কোথাও কোনো সমস্যা হয়নি। শান্তিপূর্ণভাবে পূজা বিসর্জন দিয়েছেন হিন্দু ধর্মাবলম্বী মানুষগুলি। হাউলি ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন বলেন, স্বতঃস্ফূর্তভাবে পূজা উদযাপন

করেছে হিন্দু ধর্মাবলম্বী মানুষগুলী। আমার জানামতে কোথাও কোনো অপৃতিকর ঘটনা ঘটেনি।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি হুমায়ুন কবির বলেন, প্রতিমা তৈরীর পর থেকেই আমরা সার্বক্ষণিক নিরাপত্তার মধ্য দিয়ে আমরা নজরদারিতে রেখেছিলাম যাতে কোথাও কোনো আপত্তিকর ঘটনা না ঘটে। সেই লক্ষ্যে আজ শান্তি শৃঙ্খলার মধ্য দিয়ে হিন্দু ধর্মের মানুষগুলো তাদের প্রতিমা বিসর্জন দিয়েছে। কোনো আপত্তিকর ঘটনা ছাড়াই দামুড়হুদায় খুব সুন্দর ভাবে ১৩ টি প্রতিমা বিসর্জন দিয়েছেন।

আলমডাঙ্গায় আন্তর্জাতিক বিশ্ব প্রবীণ দিবস উদযাপন

আলমডাঙ্গায় বিশ্ব প্রবীণ দিবস পালিত হয়েছে। গতকাল বুধবার সন্ধ্যায় আলমডাঙ্গা বিশ্ব প্রবীণ দিবস উদযাপন করা হয়েছে। বেসরকারি স্বেচ্ছাসেবী সংগঠন উই ফর অল এর আয়োজনে আলমডাঙ্গা ডায়াবেটিক সমিতির সম্মেলন কক্ষে নবীন-প্রবীণদের অংশগ্রহণে মুক্ত আলোচনার অনুষ্ঠান “আড্ডা”র আয়োজন করা হয়।

আলমডাঙ্গার বিভিন্ন শ্রেণীর প্রবীণ ও নবীনরা অংশগ্রহণ করে এ আয়োজনে। উই ফর অল এর চেয়ারম্যান ডা. মো. আব্দুল্লাহ আল মামুনের সভাপতিত্বে, প্রবীণ সাংবাদিক হামিদুল ইসলাম আজমের উপস্থাপনায় মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন আলমডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি ওমর আলী মাস্টার, মুক্তিযোদ্ধা মো. আব্দুর জব্বার, সাবেক ফুটবলার আমিনুর ইসলাম বাবলু, সাবেক শিক্ষক ওয়াজেদ আলী মাস্টার, গাংচিল সাহিত্য পরিষদের সভাপতি হাবিবুর রহমান মজুমদার, আলমডাঙ্গা নাগরিক উন্নয়ন কমিটির সভাপতি মো. সিরাজুল ইসলাম, সাবেক আবাসিক প্রকৌশলী মো. গোলাম নবী, প্রবীণ রাজনৈতিক ব্যক্তিত্ব মো. গোলাম সরোয়ার মোল্লা।

নবীনদের মধ্যে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মো. নাজমুল হক শাওন, আলমডাঙ্গা নাগরিক উন্নয়ন

কমিটির সাংগঠনিক সম্পাদক মো. শরিফুল ইসলাম পিন্টু, বাংলাদেশ মানবাধিকার কমিশন আলমডাঙ্গা শাখার সাধারণ সম্পাদক প্রভাষক খায়রুল ইসলাম, মানবাধিকার কর্মী হাবিবুর রহমান, তরুণ সমাজকর্মী শরিউতুল্লা আলিফ, সাংবাদিক শরিফুল ইসলাম রোকন প্রমুখ।

অনুষ্ঠানে প্রবীণ-নবীনের মুক্ত আলোচনায় দারুণ আবহ তৈরি হয়। প্রবীণরা তাদের বক্তব্যে বলেন, ধনী-দরিদ্র সর্বশ্রেণীর প্রবীণরা আজ গৃহে থেকে শুরু করে সমাজ ও রাষ্ট্রের কাছে বোঝায় পরিণত হয়েছে। তাদের স্বাস্থ্যের সুরক্ষা নিশ্চিত করতে হবে, বসবাসের জন্য আলাদা বাসস্থান করে দিতে হবে। বিশ্বের সকল উন্নত দেশ যেমন কানাডা, অস্ট্রেলিয়া, আমেরিকা, ব্রিটেন, জার্মানিতে প্রবীণদের জন্য জীবনযাপনকে সহজ করতে সকল ব্যবস্থা আছে। সেই সকল সুযোগ-সুবিধা বাংলাদেশে যতদিন নিশ্চিত করতে না পারবে, ততদিন আমরা উন্নয়নশীল দেশের কাতারে দাঁড়াতে পারব না।

আসন্ন দুর্গাপূজা নির্বিঘ্নে উদযাপনে মেহেরপুর জেলা বিএনপির মতবিনিময় সভা

আসন্ন শারদীয় দুর্গাপূজা শান্তিপূর্ণ ও নির্বিঘ্নে পালনে সর্বোচ্চ সহযোগিতা করতে প্রস্তুত রয়েছে মেহেরপুর জেলা বিএনপি। দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশনা বাস্তবায়নে এ উপলক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (২৪ সেপ্টেম্বর) বিকেল ৫টায় মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ে এ সভার আয়োজন করা হয়। মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলামের সঞ্চালনায় সভায় সভাপতিত্ব করেন জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি আনছারুল হক। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান।

সভায় আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সাবেক সদস্য আলমগীর খান ছাতু, আবু সালেহ নাসিম, জেলা বিএনপির সাংগঠনিক

সম্পাদক ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিফ বিশ্বাস ও সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা।

এছাড়াও এ মতবিনিময় সভায় পূজা উদযাপন পরিষদসহ সনাতন ধর্মাবলম্বী বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ সভায় অংশ নেন। তাদের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ মেহেরপুরের আহ্বায়ক সঞ্জীত পাল বাপ্পি, বাংলাদেশ হিন্দু-খ্রিস্টান ঐক্য পরিষদের জেলা আহ্বায়ক মাধব চন্দ্র ভাস্কর এবং পৌর পূজা উদযাপন পরিষদের সভাপতি বিশ্বনাথ সাহা। এছাড়াও জেলা ও উপজেলা পর্যায়ের মন্দির কমিটির নেতারাও মতবিনিময়ে অংশগ্রহণ করেন।

সভায় বক্তারা বলেন, মেহেরপুর জেলায় শারদীয় দুর্গাপূজা নির্বিঘ্নে, শান্তি ও স্বস্তির পরিবেশে পালনে বিএনপির পক্ষ থেকে সব ধরনের সহযোগিতা করা হবে। তারা সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা ও পারস্পরিক সৌহার্দ্য বজায় রাখার উপর গুরুত্বারোপ করেন।

পরিশেষে জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান ব্যক্তিগত উদ্যোগে ২১ টি পূজা মণ্ডপে অর্থ প্রদানের মধ্যে দিয়ে শুভেচ্ছা জানান।